

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার নং- ০১/২০১৯

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৯ মে ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানরত ব্যাংক ও সাবসিডিয়ারি

প্রিয় মহোদয়,

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস)-এর লেনদেন প্রসঙ্গে।

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) একটি ক্রম বিকাশমান সেবা যা বিগত কয়েক বছর যাবৎ আর্থিক অন্তর্ভুক্তিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। দেশের দ্রুত বর্ধনশীল অর্থনীতির সাথে তাল মিলিয়ে এ সেবা বর্তমানে নতুন খাত সম্প্রসারণে যেমনঃ ব্যাংকের মাধ্যমে দেশে আগত রেমিট্যান্স বিতরণ, ই-কমার্স, ক্ষুদ্র ব্যবসা, বেতন বিতরণ ইত্যাদি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। পেমেন্ট ইকো সিস্টেম-এর পরিবর্তিত প্রেক্ষাপট বিবেচনায় এমএফএস-এর সুশৃঙ্খল ও যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে আপনাদেরকে নিম্নোক্ত নির্দেশাবলী প্রদান করা যাচ্ছে-

১। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর ব্যক্তি হিসাবের মাধ্যমে লেনদেন সীমা নিম্নোক্তভাবে পুননির্ধারণ করা হলোঃ-

		সংখ্যা (সর্বোচ্চ)	সর্বসাকুল্য পরিমাণ (টাকা)
ক্যাশ-ইন	দৈনিক	৫	৩০,০০০/-
	মাসিক	২৫	২,০০,০০০/-
ক্যাশ-আউট	দৈনিক	৫	২৫,০০০/-
	মাসিক	২০	১,৫০,০০০/-
পিটুপি	দৈনিক		২৫,০০০/-
	মাসিক		৭৫,০০০/-

২। একজন গ্রাহক তাঁর ব্যক্তি মোবাইল হিসাবে সর্বোচ্চ ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা স্থিতি রাখতে পারবেন;

৩। Bangladesh Mobile Financial Services (MFS) Regulations, 2018 এর ৫.০ সেকশনে বর্ণিত অন্যান্য সেবা যেমন-P2B, B2P, P2G, G2P, B2B, Merchant Payment, Online and e-commerce payments ইত্যাদি প্রদানের ক্ষেত্রে উপরিলিখিত লেনদেন সীমাসমূহ প্রযোজ্য হবে না;

৪। কোন মোবাইল হিসাবে ৫০০০/- টাকা এবং তদূর্ধ্ব নগদ অর্থ জমা (ক্যাশ-ইন) বা উত্তোলন (ক্যাশ-আউট) করার ক্ষেত্রে গ্রাহক কর্তৃক তাঁর পরিচয়পত্র/স্মার্ট কার্ড বা তার ফটোকপি এজেন্টকে প্রদর্শন করতে হবে এবং এজেন্ট গ্রাহকের জাতীয় পরিচয়পত্র নম্বর রেজিস্টারে লিপিবদ্ধ করবেন;

পরবর্তী পাতা দৃষ্টব্য-

পূর্ববর্তী পাতা হতে-

৫। এজেন্ট গ্রাহকের মোবাইল হিসাবে নগদ অর্থ জমাকরণ (ক্যাশ-ইন) এবং উত্তোলনের (ক্যাশ-আউট) বিবরণ পৃথক পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং লিপিবদ্ধ প্রত্যেকটি লেনদেনের বিপরীতে গ্রাহকের স্বাক্ষর বা টিপসহ সংরক্ষণ করতে হবে;

৬। উপরিলিখিত কার্যাদি এজেন্ট যথাযথভাবে সম্পন্ন করবেন এবং বর্ণিত কার্যাদি সম্পাদনে এজেন্টের গাফিলতির প্রমাণ পাওয়া গেলে এজেন্টের এজেন্সিশিপ বাতিল করতে হবে। সে লক্ষ্যে, এজেন্টদের উপর নজরদারি জোরদার করতে হবে;

৭। একজন ব্যক্তি কোন এমএফএস প্রোভাইডার-এর সাথে একাধিক মোবাইল হিসাব চলমান রাখতে পারবেন না। সে প্রেক্ষিতে কোন গ্রাহকের একই জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড বা অন্য কোন পরিচয়পত্রের বিপরীতে একাধিক মোবাইল হিসাব অদ্যাবধি চলমান থাকলে গ্রাহকের বেছে নেয়া যে কোন একটি হিসাব চালু রেখে অন্য হিসাবসমূহ বন্ধ করতে হবে। কোন ক্ষেত্রে গ্রাহকের সাথে আলোচনা করে এরূপ ব্যবস্থা গ্রহণ দুরূহ হলে যে হিসাবটিতে সর্বশেষ লেনদেন হয়েছে তা চালু রেখে অন্য হিসাবসমূহ বন্ধ করতে হবে। এক্ষেত্রে যে সকল হিসাব বন্ধ করা হবে তার সমুদয় স্থিতি সংশ্লিষ্ট গ্রাহক-কে পরিশোধ/প্রদান বা হস্তান্তরের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮। এক এজেন্ট হিসাব থেকে অন্য এজেন্ট হিসাব-এ অর্থ জমা (ক্যাশ-ইন), অর্থ স্থানান্তর (পিটুপি) বা অর্থ উত্তোলন (ক্যাশ-আউট) করা যাবে না;

৯। একজন এজেন্ট দৈনিক ০৫(পাঁচ) বার এর বেশী নিজের এজেন্ট হিসাব-এ নগদ অর্থ জমা দিতে পারবেন না;

১০। ইতোপূর্বে জারিকৃত ০১-০৯-২০১৩, ২৭-১১-২০১৪, ১১-০১-২০১৭ এবং ০৫-১১-২০১৭ তারিখের এ বিভাগের সার্কুলার নম্বর যথাক্রমে ০১/২০১৩, ০৭/২০১৪, ০১/২০১৭ এবং ০৬/২০১৭ সমূহ এ সার্কুলার কর্তৃক প্রতিস্থাপিত হবে।

বর্ণিত নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৭৪